গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd



স্মারক নম্বর-৩৬.০০.০০০০.০০০.০৪৬.০৬.০০১৫.২৪-১৬৩১

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

অফিস আদেশ

বাংলাদেশ কার্বন মার্কেট ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন ও শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন, ফ্রেমওয়ার্ক বাস্তবায়নে প্রযোজ্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন এবং জাতীয়ভাবে নির্ধারিত অবদান (NDC) অর্জনে কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি পৃথক "কার্বন সেল" নির্দেশক্রমে গঠন করা হলো:

১	অতিরিক্ত সচিব (আস), শিল্প মন্ত্রণালয়	-	আহবায়ক/ফোকাল পয়েন্ট
২	যুগ্মসচিব (নীতি), শিল্প মন্ত্রণালয়	-	সদস্য
৩	যুগ্মসচিব (বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়	-	সদস্য
৪	যুগ্মসচিব (বিএসইসি ও বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়	-	সদস্য
৫	যুগ্মসচিব (বিসিক, এসএমই ও বিটাক), শিল্প মন্ত্রণালয়	-	সদস্য
৬	বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) এর প্রতিনিধি (মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও দাপ্তরিক সহায়তা প্রদান)	-	সদস্য
৭	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর প্রতিনিধি (মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও দাপ্তরিক সহায়তা প্রদান)	-	সদস্য
৮	বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর প্রতিনিধি (মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও দাপ্তরিক সহায়তা প্রদান)	-	সদস্য
৯	সিনিয়র সহকারী (পরিকল্পনা-০২), শিল্প মন্ত্রণালয়	-	সদস্য
১০	সিনিয়র সহকারী সচিব (আস), শিল্প মন্ত্রণালয়	-	সদস্য-সচিব

কার্বন সেল-এর কার্যপরিধি (Terms of Reference-ToR):

ক) বাংলাদেশ কার্বন মার্কেট ফ্রেমওয়ার্কের আলোকে শিল্প খাতের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা (Action Plan) প্রণয়ন ও বাস্তবায়ন।

খ) শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অধীন কারখানার কার্বন পদচিহ্ন (Carbon Footprint) পরিমাপ এবং কার্বন নিঃসরণ হ্রাসে প্রযোজ্য প্রকল্প প্রস্তাব (Project Proposal) তৈরি ও বাস্তবায়ন।

গ) জাতীয়ভাবে নির্ধারিত অবদান (NDC) লক্ষ্যমাত্রা অর্জনে শিল্প খাতের সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় সাধন।

ঘ) কার্বন ফাইন্যান্স, গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF) এবং আন্তর্জাতিক উৎস থেকে প্রযুক্তি ও আর্থিক সহায়তা প্রাপ্তির প্রস্তাবনা প্রস্তুতকরণ।

ঙ) সংশ্লিষ্ট বিষয়ে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক প্রশিক্ষণ, কর্মশালা এবং তথ্য বিনিময় কার্যক্রম পরিচালনা।

চ) উক্ত সেল প্রয়োজনে এক বা একাধিক কমিটি গঠন ও প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। উপর্যুক্ত আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(সিদ্ধার্থ ভৌমিক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৮৭৩৭০
ই-মেইল: sasest@moind.gov.bd

বিতরণ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান (সচিব), বিসিআইসি, ঢাকা। (মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও দাপ্তরিক সহায়তা প্রদানে সক্ষম একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)
০৩। অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, বিসিক/বিএসইসি, ঢাকা। (মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও দাপ্তরিক সহায়তা প্রদানে সক্ষম একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)
০৫। যুগ্মসচিব (নীতি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
০৬। যুগ্মসচিব (বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
০৭। যুগ্মসচিব (বিএসইসি ও বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
০৮। যুগ্মসচিব (বিসিক, এসএমই ও বিটাক), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী (পরিকল্পনা-০২), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
১১। সিনিয়র সহকারী সচিব (আস), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৫/১১/২৬

(সিদ্ধার্থ ভৌমিক)
সিনিয়র সহকারী সচিব